**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ২ অক্টোবর ২০১৬, ১৭ আশ্বিন ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আজ স্মার্টকার্ড বিতরণ কর্মসূচি উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

২। কানাডা ও যুক্তরাষ্ট্র সফর নিয়ে আজ প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন

৩। আফগানদের ধরাশায়ী করে শততম ওয়ান ডে জয় বাংলাদেশের

৪। ওয়ান ডে ক্রিকেটে শততম জয় উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

৫। চীনের সঙ্গে সড়ক ও রেল যোগাযোগ দরকার : জনপ্রশাসন মন্ত্রী

৬। আগামী ২০৪০ সালের আগেই দেশ তামাকমুক্ত হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। ইসলাম কায়েমের কথা বলে তরুণদের জঙ্গিবাদী বানানো হচ্ছে : শিক্ষামন্ত্রী

৮। জঙ্গিবাদের বিরুদ্ধে নারীদের অংশ নেওয়ার আহ্বান তথ্যমন্ত্রীর

৯। শিশুরা জাতীয় সম্পদ, সকলের কর্তব্য এদের যত্ন নেওয়া : মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী

১০। প্রবীণদের জন্য যানবাহনে আসন সংরক্ষণ করা হবে : সমাজকল্যাণ প্রতিমন্ত্রী

১১। রাজধানীতে অবৈধ টিভি চ্যানেলের চার কর্মকর্তা গ্রেফতার

১২। জাতীয় উৎপাদনশীলতা দিবস আজ

চলমান পাতা-২

**১। আজ স্মার্টকার্ড বিতরণ কর্মসূচি উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

আজ ২ অক্টোবর রোববার সকাল সাড়ে ১০টায় রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে স্মার্ট জাতীয় পরিচয়পত্র (স্মার্টকার্ড) বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সেই সঙ্গে নির্বাচন কমিশন (ইসি) আগামীকাল ৩ অক্টোবর সোমবার থেকে বিদ্যমান লেমিনেটেড জাতীয় পরিচয়পত্রের বদলে ১০ কোটি নাগরিকের হাতে পর্যায়ক্রমে মেশিন রিডেবল স্মার্টকার্ড বিতরণ শুরু করবে। গতকাল ১ অক্টোবর শনিবার নির্বাচন কমিশন সচিব সিরাজুল ইসলাম এ তথ্য জানিয়েছেন। নির্বাচন কমিশনার এম শাহ নেওয়াজ জানান, স্মার্টকার্ড বিতরণের সময় কার্ডধারীদের দশ আঙুলের ছাপ, চোখের আইরিশের ছবি এবং বর্ণালি ছবিসহ বায়োমেট্রিক তথ্য সংগ্রহ করবে। মেশিন রিডেবল এই স্মার্টকার্ড জাতীয় পরিচয়পত্রে জালিয়াতি রোধে অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থা রয়েছে। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**২। কানাডা ও যুক্তরাষ্ট্র সফর নিয়ে আজ প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন**

কানাডা ও যুক্তরাষ্ট্র সফর নিয়ে আজ ২ অক্টোবর রোববার বিকেল ৪টায় সংবাদ সম্মেলন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সূত্র জানায়, সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী ফিফথ রিপ্লেনিসমেন্ট কনফারেন্স অব দ্য গ্লোবাল ফান্ড (জিএফ), জাতিসংঘের সাধারণ পরিষদের ৭১তম অধিবেশন, বিভিন্ন রাষ্ট্রনায়কদের সঙ্গে তার বৈঠকের বিষয় সংবাদ সম্মেলনে তুলে ধরবেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম এ তথ্য নিশ্চিত করেছেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**৩। আফগানদের ধরাশায়ী করে শততম ওয়ানডে জয় বাংলাদেশের**

টানা পঞ্চম ওডিআই সিরিজ জিতে বাংলাদেশ টানা ওডিআই সিরিজ জয়ে শ্রীলঙ্কাকে টপকালো। জেতা হলো শততম একদিনের আন্তর্জাতিক ম্যাচও। ইংল্যান্ড সিরিজের আগে আফগানিস্তানের সাথে সিরিজটার শুরুতে বাংলাদেশ দলের দীর্ঘদিন ওডিআইর বাইরে থাকার বিষয়টা শঙ্কা জাগালেও তৃতীয় ওডিআইতে এসে পুরনো চেহারায় ফিরেছে টাইগাররা। আফগানিস্তানকে ১৪১ রানের বড় ব্যবধানে পরাজিত করে ২-১ ব্যবধানে সিরিজ জিতেছে বাংলাদেশ দল। টস জিতে আগে ব্যাটিংয়ে নেমে ম্যাচসেরা এবং সিরিজ সেরা (তিন ম্যাচে ২১৮ রান) তামিম ইকবালের ওডিআই ক্যারিয়ারের সপ্তম সেঞ্চুরি এবং সাব্বির রহমানের হাফ সেঞ্চুরিতে তোলা ২৭৯ রানের জবাবে টাইগার বোলার এবং ফিল্ডারদের নৈপুণ্যে ১৩৮ রানে অলআউট হয়ে যায় আফগানিস্তান। ফলে প্রথম ম্যাচে সাত রানে পরাজিত হওয়া আফগানরা দ্বিতীয় ম্যাচে দুই উইকেটের জয়ে সমতা ফেরালেও ওডিআই সিরিজ হেরেছে ২-১ ব্যবধানে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ, যুগান্তর, অবজারভার, নিউজ টুডে, বাংলাদেশ টুডে**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৪। ওয়ান ডে ক্রিকেটে শততম জয় উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওয়ান ডে ক্রিকেটে বাংলাদেশের শততম জয়ের পর বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। রাষ্ট্রপতি গতকাল ১ অক্টোবর শনিবার এক বার্তায় আফগানিস্তানের বিপক্ষে তিন ম্যাচের ওয়ান ডে সিরিজে জয়লাভ করায় বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন জানান। তিনি এই বিজয়ের জন্য ক্রিকেট দলের সব সদস্য ও কোচসহ অন্যদের ধন্যবাদ জানান। বাংলাদেশ ক্রিকেট দল আগামী বিশ্বকাপে বিজয়ের এই ধারা অব্যাহত রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওয়ান ডে ক্রিকেটে শততম জয়ের পর বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। আফগানিস্তানের বিরুদ্ধে বাংলাদেশের তিন ম্যাচের ওয়ান ডে সিরিজ বিজয়ের পর উচ্ছ্বসিত প্রধানমন্ত্রী ক্রিকেট দলের সদস্যদের শুভকামনা জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **প্রথম আলো** (পৃ.৪,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.২)।

৫। **চীনের সঙ্গে সড়ক ও রেল যোগাযোগ দরকার : জনপ্রশাসন মন্ত্রী**

জনপ্রশাসন মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম বলেছেন, চীনের সঙ্গে বাংলাদেশের সরাসরি সড়ক ও রেল যোগাযোগ হওয়া দরকার। অনেক আগে চীনের সঙ্গে বাংলাদেশের সড়ক যোগাযোগ ছিল। গতকাল **১** অক্টোবর শনিবার রাজধানীর তোপখানা রোডে বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশনের (বিএমএ) মিলনায়তনে চীনের ৬৭তম জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষে সাম্যবাদী দল আয়োজিত এক আলোচনা সভায় তিনি এ কথা বলেন। সৈয়দ আশরাফ বলেন, চীনের প্রেসিডেন্ট শি জিনপিং এই প্রথমবারের মতো বাংলাদেশে সফরে আসছেন। এটি দুই দেশের জন্য আলোচিত ও ঐতিহাসিক ঘটনা। বাংলাদেশের রাজনীতিতে এটা মাইলফলক হয়ে থাকবে। সূত্র- **ইত্তেফাক** (পৃ.৪,ক.৩), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১৫,ক.১)।

৬। **আগামী ২০৪০ সালের আগেই দেশ তামাকমুক্ত হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

আগামী ২০৪০ সালের আগেই বাংলাদেশ তামাকমুক্ত হবে বলে প্রত্যাশা করেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। গতকাল **১** অক্টোবর শনিবার রাজধানীর মিরপুরে তামাকবিরোধী সম্মেলনে তিনি বলেন, ২০৪০ সালের মধ্যে তামাকমুক্ত দেশ গড়ার কথা থাকলেও আমার বিশ্বাস এর আগেই সফলতা আসবে। ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনে আয়োজিত তামাকবিরোধী সম্মেলনে তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এর আগেই বাংলাদেশের মানুষ স্বশিক্ষিত হয়ে যাবে এবং ক্ষতিকারক দিকগুলোর ব্যাপারে সচেতন হবে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৩)।

৭। **ইসলাম কায়েমের কথা বলে তরুণদের জঙ্গিবাদী বানানো হচ্ছে : শিক্ষামন্ত্রী**

ইসলাম কায়েমের কথা বলে দেশের তরুণ শিক্ষার্থীদের বিভ্রান্ত করে জঙ্গিবাদী বানানো হচ্ছে। বাংলাদেশকে ধ্বংসের পরিকল্পনায় এমন পরিস্থিতি মোকাবিলায় সকলকে একত্রিত হয়ে কাজ করতে হবে। গতকাল **১** অক্টোবর শনিবার বরিশাল বিএম কলেজে শিক্ষা বোর্ড আয়োজিত ‘শিক্ষার উন্নত পরিবেশ, জঙ্গিবাদমুক্ত শিক্ষাঙ্গন’ শীর্ষক মতবিনিয়ম সভায় প্রধান অতিথির ভাষণে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.১), **অবজারভার** (পৃ.১১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৬)।

৮। **জঙ্গিবাদের বিরুদ্ধে নারীদের অংশ নেওয়ার আহ্বান তথ্যমন্ত্রীর**

জঙ্গি ও সন্ত্রাসের বিরুদ্ধে সংঘবদ্ধ ভূমিকায় অবতীর্ণ হতে নারীদের প্রতি আহ্বান জানিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল **১** অক্টোবর শনিবার রাজধানীর গুলশানে একটি সম্মেলন হলে রোটারি আন্তর্জাতিক ক্লাবের নারী সংগঠন ইনার হুইল এর বাংলাদেশ বিভাগের ডিস্ট্রিক্ট ৩৪৫ আয়োজিত বাৎসরিক র‌্যালিতে প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী এ আহ্বান জানান। নারীদের সমাজ ও প্রতিটি পরিবারের অন্তর্নিহিত চালিকাশক্তি হিসেবে উল্লেখ করে তথ্যমন্ত্রী বলেন দারিদ্র্য জলবায়ু পরিবর্তন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, টেকসই উন্নয়ন ও জঙ্গি-সন্ত্রাসের যে চ্যালেঞ্জ মোকাবিলায় বর্তমানে বিশ্ব কাজ করছে, নারীদের সক্রিয় অংশগ্রহণ ছাড়া তাতে সফলতা সম্ভব নয়। সূত্র-**যুগান্তর** (পৃ.১৯,ক.৭)।

৯। **শিশুরা জাতীয় সম্পদ, সকলের কর্তব্য এদের যত্ন নেওয়া : মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী**

মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেছেন, শিশুরা জাতীয় সম্পদ, এই সম্পদের যত্ন নেওয়া সকলের দায়িত্ব ও কর্তব্য। যারা শিশু নির্যাতন করে তারা জাতীয় শত্রু। তারা কোনোভাবে রেহাই পাবে না। সকলে মিলে এই জাতীয় শত্রুদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। প্রতিমন্ত্রী বলেন, সুবিধাবঞ্চিত ও পথশিশুদের উন্নয়নে সরকার ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। একটি শিশুও পথে থাকবে না, এটাই প্রধানমন্ত্রীর নির্দেশ। এই নির্দেশ বাস্তবায়নে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কাজ করছে। তিনি এই বিষয়ে সকলের সহযোগিতা প্রয়োজন বলে উল্লেখ করেন। গতকাল **১** অক্টোবর শনিবার মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের পথশিশু পুনর্বাসন কার্যক্রম, বাংলাদেশ শিশু একাডেমি এবং সংশ্লিষ্ট বেসরকারি সংস্থাসমূহের যৌথ উদ্যোগে ‘বিশ্ব শিশু দিবস’ এবং ‘শিশু অধিকার সপ্তাহ ২০১৬’ উদ্‌যাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সুবিধাবঞ্চিত এবং পথশিশুদের সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.৩,ক.৮), **সংবাদ** (পৃ.১৫,ক.৭), **ইত্তেফাক** (পৃ.৪,ক.৬), **অবজারভার** (পৃ.১১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**১০। প্রবীণদের জন্য যানবাহনে আসন সংরক্ষণ করা হবে : সমাজকল্যাণ প্রতিমন্ত্রী**

সমাজকল্যাণ প্রতিমন্ত্রী নুরুজ্জামান আহমেদ বলেছেন, প্রবীণদের জন্য যানবাহনে আসন সংরক্ষণ ও রাষ্ট্রীয় সেবামূলক প্রতিষ্ঠান বিশেষ ব্যবস্থা রাখার উদ্যোগ নেবে সরকার। গতকাল ১ অক্টোবর আন্তর্জাতিক প্রবীণ দিবস উপলক্ষে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে সমাজসেবা অধিদফতরের মিলনায়তনে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫)।

**১১। রাজধানীতে অবৈধ টিভি চ্যানেলের চার কর্মকর্তা গ্রেফতার**

অবৈধভাবে টিভি চ্যানেলের কার্যক্রম পরিচালনা ও প্রতারণার অভিযোগে রাজধানীর শাহাজাদপুর পলাশ টাওয়ারে অবস্থিত নেহা টেলিভিশন ও এইচ বাংলা টিভি অফিসে অভিযান চালিয়ে চার জনকে গ্রেফতার করেছে র‌্যাব। গ্রেফতারকৃতরা হলেন চ্যানেল দুটির এমডি ইব্রাহীম হোসেন হাওলাদার, মার্কেটিং অফিসার রাশেদ হোসেন স্বপন, এডিটর শামীম আহম্মেদ ও বিশেষ প্রতিনিধি বোরহান উদ্দিন। গ্রেফতারকৃতরা বিদেশিদের যোগসাজসে বাংলাদেশের একটি সংঘবদ্ধ চক্রের মাধ্যমে অবৈধভাবে টিভি চ্যানেলের সম্প্রচার চালাচ্ছিল। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (পৃ.১১,ক.১)।

**১২। জাতীয় উৎপাদনশীলতা দিবস আজ**

জাতীয় পর্যায়ে সচেতনতা সৃষ্টির মাধ্যমে দেশের শিল্প, কৃষি ও সেবাসহ বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বাড়াতে আজ রোববার ২ অক্টোবর দেশব্যাপী উদ্‌যাপন করা হবে ‘জাতীয় উৎপাদনশীলতা দিবস’। এ বছর দিবসটির মূল প্রতিপাদ্য বিষয় হচ্ছে ‘টেকসই প্রবৃদ্ধির জন্য উৎপাদনশীলতা অপরিহার্য’। এ উপলক্ষে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) বিস্তারিত কর্মসূচি গ্রহণ করেছে। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ (পৃ.১৪,ক.১), প্রথম আলো** (পৃ.১৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** খাদ্যে ভেজাল প্রতিরোধে ভেজালবিরোধী আইনের অধীনে গঠিত ‘নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ’ নামের সংস্থার জনবল সংকট দূর করে সংস্থাটিকে কার্যকর ও শক্তিশালী করার সুপারিশ।

খ. **সংবাদ :** রাজধানীর গুলশানের কালাচাঁদপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়টি সরকারি হলেও বেসরকারি কায়দায় চালানো হচ্ছে উল্লেখ করে সরকারকে এ বিষয়ে কঠোর ব্যবস্থা নেওয়ার আহ্বান।

গ. **প্রথম আলো :** চলতি বছরের জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত ৪০ জন অ্যাসিড-সহিংসতার শিকার হওয়ার বিষয় তুলে ধরে অ্যাসিড-সহিংসতার বিরুদ্ধে সচেতনতা সৃষ্টির পাশাপাশি ৯০ দিনের মধ্যে তদন্ত করে অপরাধীর শাস্তি দ্রুত নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **জনকণ্ঠ :** দন্ডপ্রাপ্ত খুনীদের সম্পদের বিষয়ে জাতীয় সংসদে নেওয়া সিদ্ধান্তের ব্যাপারে অতি দ্রুত সংসদে একটি বিল পাসের মাধ্যমে কার্যকর করার পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **যুগান্তর,ইনকিলাব :** হিডেন সার্ভিস চার্জের নামে কিছু ব্যাংকের প্রতারণার বিষয় তুলে ধরে এ ব্যাপারে অর্থ মন্ত্রণালয় ও কেন্দ্রীয় ব্যাংকের পক্ষ থেকে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আহ্বান।

চ. **ডেইলি সান, সংবাদ :** সড়ক দুর্ঘটনা প্রতিরোধে দায়ী চালকের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণে সরকারকে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি স্টার, জনকণ্ঠ, সমকাল :** সড়ক পরিবহণ বিভাগ কর্তৃপক্ষের জারি করা প্রজ্ঞাপনকে কেন্দ্র করে চট্টগ্রাম বন্দরে পরিবহণ ধর্মঘটের নামে নৈরাজ্য সৃষ্টির বিরুদ্ধে সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করে চট্টগ্রাম বন্দরকে সব সময়ে সচল রাখার আহ্বান।

জ. **নিউ নেশন :** নিরাপত্তার স্বার্থে জাতীয় পরিচয়পত্র নকল করে নানাবিধ অপকর্ম করার সাথে জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ঝ.** **ফিনানশিয়াল এক্সপ্রেস :** চিনি ও ভোজ্যতেলের মূল্য বৃদ্ধির প্রস্তাবের পরিপ্রেক্ষিতে আন্তর্জাতিক বাজার মূল্যের সাথে সামঞ্জস্য করে এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে সোনালী আঁশ পাটের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা গেলে বাংলাদেশের অর্থনৈতিক অবস্থার ব্যাপক পরিবর্তন ঘটানো সম্ভব বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'প্রকৃত অর্থেই শিশু অধিকার প্রতিষ্ঠা জরুরি'** শিরোনামের নিবন্ধে ড. মো. হুমায়ুন কবীর শিশু অধিকার প্রতিষ্ঠা করতে হবে এবং শিশু নির্যাতন বন্ধ করতে আচরণে সহনশীল ও কর্তব্যে দায়িত্বশীল হতে হবে, তবেই আগামী দিনে একটি সুন্দর পৃথিবী পাওয়া যাবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা